

# সুদীপ্ত মাজি

পাগল

পাগলের সংলাপে নেড়ে ওঠে সাঁকো ও বাজার

শস্য ফল ফসলের পশরা সাজিয়ে বসা

ব্যবসায়ী কেঁপে ওঠে আর

নিরস্ত্র মানুষ একা থলে হাতে অসহায়

ঘোরে চরাচরে

পাগলের সংলাপে বৈবাহী জেগে ওঠে বিষণ্ণ নগরে

প্যারাইফিন

লুকোনো মনের ঘরে মোম জ্বলে ওঠে

তার আগে রাত্রি। নদীঘাট ছেড়ে গেছে

কখন স্টিমার

বন্ধ হয়ে গেছে জেটি। ধূয়া একা ভেসে আছে

জলে

জলের কাজলে কার ঐঁকে রাখা চোখ

জলের তিমিরে কার অসমাপ্ত হাত

জলের ঘূর্ণির মধ্যে যেন কার ফেলে যাওয়া সুর

সঙ্গতির দিকে যেতে চায়

বাসনার মধ্যে থেকে উঠে আসা অতর্কিত ধোঁয়া

আকাশে মিলিয়ে গেলে দেখা যায় আকাশগঙ্গায়

অজস্র তারার ভিড়ে জেগে ওঠে হারানো দেবতা

লুকোনো মনের ঘরে অতর্কিতে জ্বলে ওঠে মোম